

মেহেরপুর পৌরসভা

মেহেরপুর।

‘দারিদ্র নিরসন ও বস্তি উন্নয়ন’ বিষয়ক অতিরিক্ত স্থায়ী কমিটির সভার কার্যবিবরণী।

মেহেরপুর পৌরসভার উদ্যোগে অদ্য ১৯/০৮/২০২১ ইং তারিখ রোজ রবিবার বেলা ১১.০০ ঘটিকায় পৌরসভার কাঁলাচাদ সভাকক্ষে পৌরসভার ‘দারিদ্র নিরসন ও বস্তি উন্নয়ন’ বিষয়ক স্থায়ী কমিটির সভা অনুষ্ঠিত হয়। সভায় সভাপতিত্ব করেন অত্র পৌরসভার ১, ২ ও ৩ নং ওয়ার্ডের সংরক্ষিত আসনের মহিলা কাউন্সিলর জনাব মোছাঃ আলপনা খাতুন।

সভায় উপস্থিত সদস্যদের নাম ও স্বাক্ষর পরিশিষ্ট “ক” তে দেখানো হল।

আলোচ্য সূচী:

১. বিগত সভার কার্যবিবরণী পাঠ ও অনুমোদন।

২. UGHP-III প্রকল্পের আওতায় ৬টি বস্তিতে ভৌত অবকাঠামো উন্নয়ন কাজের ২য় পর্যায়ের কাজের অগ্রগতি নিয়ে আলোচনা।


৩. বিবিধ।

সভার শুরুতে সভাপতি মহোদয় সভায় উপস্থিত সকল সদস্যবৃন্দকে আন্তরিক অভিনন্দন জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন।

আলোচ্য বিষয়	আলোচনা	সিদ্ধান্ত
বিগত সভার কার্যবিবরণী পাঠ ও অনুমোদন।	সভায় সভাপতি মহোদয় মোছাঃ আলপনা খাতুন আলোচ্য বিষয় অনুযায়ী অত্র পৌরসভার বস্তি উন্নয়ন কর্মকর্তা ও অত্র কমিটির সাচিবিক দায়িত্ব পালনকারী জনাব খোন্দকার জাহিদুল হককে গত ১৮/০৭/২০২১ ইং তারিখে অনুষ্ঠিত সভার কার্যবিবরণী অত্র সভায় পাঠ করার অনুরোধ করেন। কার্যবিবরণীটি পাঠান্তে কোন সংশোধনী বা সংযোজনী না থাকায় উহা সর্বসম্মতিক্রমে সভায় গৃহীত হয়।	পঠিত ও গৃহীত হল
UGHP-III প্রকল্পের আওতায় ৬টি বস্তিতে ভৌত অবকাঠামো উন্নয়ন কাজের ২য় পর্যায়ের কাজের অগ্রগতি নিয়ে আলোচনা।	সভাপতি মহোদয় সভায় জানান, দারিদ্র নিরসন ও বস্তি উন্নয়ন কার্যক্রমের উপর মেহেরপুর পৌরসভায় UGHP-III প্রকল্পের আওতায় ভৌত অবকাঠামো উন্নয়ন কাজের ২য় পর্যায়ের কাজ চলমান রয়েছে। ইতি মধ্যে সকল বস্তির রাস্তা ও ড্রেনের কাজ শেষ হয়েছে। ৬টি বস্তির স্ট্রিট লাইট ও ৪৪ টি টিউবওয়েলের কাজ শেষ হয়েছে। সভাপতি মহোদয় এই কার্যক্রমের সর্বশেষ অবস্থা জানানোর জন্য বস্তি উন্নয়ন কর্মকর্তাকে অনুরোধ করেন। বস্তি উন্নয়ন কর্মকর্তা সভায় জানান, ১ম ও ২য় পর্যায়ের কাজ ইতি মধ্যে শেষ হয়েছে। আমাদের প্রকল্প হতে যে বরাদ্দ দেওয়া ছিল তার প্রায় ৭৫% কাজ ইতি মধ্যে শেষ হয়েছে। তিনি সভায় বলেন, ৭৯ টি পায়খানার অবকাঠামো নির্মাণের কাজ শেষ হয়েছে এবং ৫২ টি পায়খানার কাজ বাকি আছে। এছাড়া ৬টি বস্তিতে ৬০০টি গাছ লাগানোর কাজ বাকি আছে। তিনি আরোও বলেন,	দারিদ্র নিরসন ও বস্তি উন্নয়ন বিষয়ক স্থায়ী কমিটি ও বস্তি উন্নয়ন কর্মকর্তা।

	<p>প্রকল্প অফিসে নিয়োগিত যোগাযোগ করা হচ্ছে ওয় কিস্তির অর্থের জন্য। কিন্তু প্রকল্প অফিসের OFID ফান্ডে অর্থের সংকুলান না থাকায় টাকা পাঠাতে দেরি হচ্ছে।</p> <p>মেয়র মহোদয় সভায় বলেন, সার্বিক প্রস্তুতি রাখতে হবে যাতে অর্থ প্রাপ্তির পরপরই আমরা দ্রুত কাজ শুরু করতে পারি। এছাড়া বর্তমানে বৃষ্টির মৌসুম চলছে। এই মুহূর্তে গাছ লাগাতে পারলে গাছগুলি সহজেই হয়ে যেত। তাই তিনি চলতি মাস হতেই প্রতিটি বস্তিতে গাছ লাগানোর জন্য বলেন। সে সাথে গাছ লাগানোর পূর্বে তাকে যেন অবগত করানো হয়। সম্ভব হলে তিনি এই বৃক্ষ রোপন এর কাজ নিজ হাতে শুরু করবেন।</p>	
বিবিধ	<p>জনাব হামিদা, কাউন্সিলর ৭, ৮ ও ৯ নং ওয়ার্ড (সংরক্ষিত) সভায় বলেন, তার জানা মতে মেহেরপুর শহরে প্রায় ৩০টি দারিদ্র এলাকা রয়েছে। এর মধ্যে মাত্র ৬টি এলাকায় UGHP-III প্রকল্পের আওতায় বস্তি উন্নয়ন কার্যক্রম বাস্তবায়ন হচ্ছে। বাকি যায়গায় উন্নয়নের জন্য কোন পদক্ষেপ গ্রহণ করা হবে কিনা তা মেয়র মহোদয়ের নিকট জানতে চান।</p> <p>মেয়র মহোদয় সভায় বলেন, চলমান কাজের বাইরে যে সমস্ত বস্তি রয়েছে সেখানে PRAP এর আওতায় পৌর তহবিল হতে কিছু কাজ নিয়োগিত করা হয়। এছাড়া UGHP-III এর আওতায় থাকার জন্য এই পৌরসভা চেষ্টা করে যাচ্ছে। এখন পর্যন্ত পারফরমেন্সের দিক থেকে আমরা এগিয়ে আছি। যদি আল্লাহ সহায় হন তাহলে UGHP-III এর মাধ্যমে অন্যান্য বস্তিগুলিতে উন্নয়ন কার্যক্রম বাস্তবায়ন করা হবে। তিনি এব্যাপারে সকলের সতর্ক থাকতে বলেন।</p>	মেয়র, দারিদ্র নিরসন ও বস্তি উন্নয়ন কমিটি।

সভার এই পর্যায়ে আর কোন আলোচনা না থাকায় সভাপতি মহোদয় সকলকে আবারো ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।



(মোছাঃ আলপনা খাতুন)

কাউন্সিলর ১, ২ ও ৩ নং ওয়ার্ড (সংরক্ষিত)

ও সভাপতি

দারিদ্র নিরসন ও বস্তি উন্নয়ন বিষয়ক স্থায়ী কমিটি,
মেহেরপুর পৌরসভা।

অনুলিপি সদয় অবগতির জন্য প্রেরিত হল:

১. প্রকল্প পরিচালক, তৃতীয় নগর পরিচালন ও অবকাঠামো উন্নতিকরণ (সেক্টর) প্রকল্প, এলজিইডি, আগারগাঁও, ঢাকা।
২. জনাব, সদস্য, দারিদ্র নিরসন ও বস্তি উন্নয়ন বিষয়ক অতিঃ স্থায়ী কমিটি।

মেহেরপুর পৌরসভা কার্যালয়
মেহেরপুর।

পরিশিষ্ট কঃ

সভার নামঃ 'দারিদ্র নিরসন ও বস্তি উন্নয়ন বিষয়ক' অতিরিক্ত স্থায়ী কমিটির সভা

সভার তারিখঃ ১৯/০৮/২০২১ ইং

সভার সময়ঃ বেলা ১১.০০ ঘটিকা

সভার স্থানঃ পৌর কালাচাঁদ সভাকক্ষ

সভায় উপস্থিত সদস্যগণের নাম ও স্বাক্ষরঃ

ক্রঃনং	নাম	পদবী	স্বাক্ষর
১	জনাব মোঃ মাহফুজুর রহমান রিটন	মেয়র, মেহেরপুর পৌরসভা	স্বাক্ষর
২	জনাব মোছাঃ শিউলী খাতুন	কাউন্সিলর ৪, ৫ ও ৬ নং ওয়ার্ড, (সংরক্ষিত) মেহেরপুর পৌরসভা	শিউলী
৩	জনাব হামিদা	মহিলা কাউন্সিলর ৭, ৮ ও ৯ নং ওয়ার্ড, মেহেরপুর পৌরসভা	হামিদা
৪	জনাব মোঃ আল মামুন	কাউন্সিলর, ০২ নং ওয়ার্ড, মেহেরপুর পৌরসভা	আল মামুন
৫	জনাব আবু হেনা মোস্তফা কামাল	সহকারী প্রকৌশলী, মেহেরপুর পৌরসভা	আবু হেনা ১৭/৮/২১
৬	হোসনে আরা	দরিদ্র জনগোষ্ঠীর প্রতিনিধি	হোসনে আরা
৭	মাসুদ শেখ	দরিদ্র জনগোষ্ঠীর প্রতিনিধি	মাসুদ
৮	খোন্দকার জাহিদুল হক	বস্তি উন্নয়ন কর্মকর্তা, মেহেরপুর পৌরসভা	জাহিদুল হক ১৯/০৮/২১
৯	মোঃ আব্দুল হামিদ	CSA (001118-3)	আব্দুল হামিদ
১০			